



244315 - বিভিন্ন মৌসুম ও উৎসব উপলক্ষ্যে ভুয়া ছাড় প্রদানের বধিান

প্রশ্ন

টেলিফোনে কাস্টমারকে কনভিন্স করে কোনো পণ্য বিক্রি করার বধিান কী? উদাহরণস্বরূপ— পণ্যের আসল বিক্রয়মূল্য ৩০ রয়্যাল, কনিত্ত, আমি কাস্টমারকে বললাম যে এর দাম ৫০ রয়্যাল এবং ঈদ বা অন্য কোনো উপলক্ষ্যে ছাড় দিয়ে এখন ৩০ রয়্যাল রাখা হচ্ছে। এটা কহিলাল হবে; নাকি হারাম?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

করতোকে ধোঁকা দেওয়া এবং তাকে জানানো যে— পণ্যের দাম ৫০ রয়্যাল এবং ঈদ বা অন্য কোনো বশিষে উপলক্ষ্যে তা কমিয়ে ৩০ রয়্যাল করা হয়েছে; অথচ বাস্তব কনো ছাড় দেওয়াই হয়নি— এটি স্পষ্ট মথিয়া।

মথিয়া বলা হারাম। আর ব্যবসার ক্ষত্রে তা আরও ভয়াবহ। মথিয়া বলে বিক্রিতে যা উপার্জন করে তাতে কোনো কল্যাণ নহে। বরং এটি সেই ব্যক্তির জন্য অনেক ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়, যা সে কখনো বুঝতে পারে, আবার কখনো বুঝতে পারে না।

ব্যবসায় মথিয়াচারের ভয়াবহতা বুঝতে এটুকুই যথেষ্ট যে, এটি বরকত নষ্ট করে দেয়। হাকিম ইবনে হযিম (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন:

"করতো ও বিক্রিতে যতক্ষণ বচিছনি না হয় ততক্ষণ তাদের (চুক্তি রাখা বা ভাঙার) এখতিয়ার থাকে। যদি তারা সত্য বলে এবং (পণ্যের ত্রুটি-গুণ) স্পষ্ট করে বলে তবে তাদের কনোবচোয় বরকত দেওয়া হয়। আর যদি তারা তথ্য গোপন করে এবং মথিয়া বলে তবে তাদের কনোবচোর বরকত নষ্ট করে দেওয়া হয়।" [সহীহ বুখারী (১৯৭৩) ও সহীহ মুসলিম (১৫৩২)]

সুতরাং সততা এবং স্বচ্ছতা হলো রযিকি ও সম্পদে বরকত লাভের অন্যতম প্রধান উপায়; আর মথিয়া ও গোপন করা হলো ধ্বংস ও লোকসানের অন্যতম বড় কারণ।

বিক্রিতে যদি এমন আচরণ নজিরে জন্য পছন্দ না করে তবে সে কীভাবে তার মুসলিম ভাইদের জন্য তা পছন্দ করতে পারে? এটি তার ঈমানের ঘাটতির প্রমাণ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: "তোমাদের কটে ততক্ষণ পর্যন্ত প্রকৃত মুমনি হতে পারবে না, যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য তা-ই পছন্দ করে, যা সে নজিরে জন্য পছন্দ



করে।"[সহীহ বুখারী: (১৩) সহীহ মুসলমি (৪৫)]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলছেন: "যে ব্যক্তি পছন্দ করে তাকে জাহান্নাম থেকে দূরে রাখা হোক এবং জান্নাতে প্রবশে করানো হোক তার মৃত্যু যেন এমন অবস্থায় হয় যে সে আল্লাহর প্রতি ও পরকালরে প্রতি ঈমান রাখে। আর সে মানুষের সাথে যেন তমেন আচরণ করে যমেন আচরণ সে নজিরে জন্য প্রত্যাশা করে।"[সহীহ মুসলমি (১৮৪৪)]

অতএব, যারা এমন কাজ (ভুয়া ছাড়রে প্রতারণা) করে, তাদের সাবধান হওয়া উচিত। কারণ আল্লাহর শাস্তি তাদের জন্য অপেক্ষায় রয়েছে।

আল্লাহই সর্বজ্ঞঃ।